



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট টেকনোলজি) শাখা  
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।  
Website : www.bteb.gov.bd



প্রতিদিন অন্ততঃ একবার বাকশিবোর  
ওয়েবসাইট www.bteb.gov.bd  
ভিজিট করুন।

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০৩.২২.৪২৮

তারিখ : ১২-০৬-২০২২ খ্রিঃ

### বিজ্ঞপ্তি

বিষয় : ২০২২ সনের এইচএসসি (বিএম/বিএমটি)/এইচএসসি (ভোক)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য়  
বর্ষের পাঠদানকারী শিক্ষকগণের তালিকা অনলাইনে প্রেরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের অধীন এইচএসসি (বিএম/বিএমটি)/এইচএসসি (ভোকেশনাল)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত সকল প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি(বিএম/বিএমটি)/এইচএসসি (ভোকেশনাল)/ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের ১ম ও ২য় বর্ষের উত্তরপত্র মূল্যায়ন/নিরীক্ষণ ও প্রধান পরীক্ষকের কাজ করতে ইচ্ছুক এরূপ পাঠদানকারী সকল শিক্ষকগণের প্রয়োজনীয় তথ্যাবলী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইট ([www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)) এর প্রদর্শিত তথ্য ছক মোতাবেক পূরণ করে আগামী ১২-০৬-২০২২ খ্রিঃ তারিখ হইতে ৩০-০৬-২০২২খ্রি. তারিখের মধ্যে অনলাইনে প্রেরণ করতে হবে। এছাড়া কোন শিক্ষক তাঁর নিজ প্রতিষ্ঠান থেকে তাঁর তথ্যাবলী একাধিকবার অথবা একের অধিক প্রতিষ্ঠান হতে বোর্ডের ওয়েবসাইটে প্রেরণ করতে পারবেন না।

উল্লেখ্য যে, কোন শিক্ষক বর্তমানে কর্মরত না থাকলে অথবা ভুল তথ্য দিয়ে খাতা মূল্যায়ন করতে চাইলে তার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। এছাড়া পরীক্ষক হিসেবে বোর্ড কর্তৃক মনোনীত হওয়ার পর পরীক্ষককে অবশ্যই কর্মরত প্রতিষ্ঠানের প্যাডে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

  
(প্রকো. মোঃ আবদুর রহমান)

পরীক্ষা নিয়ন্ত্রক  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-৫৫০০৬৫২৫

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০২.৯৯.০০৩.২২.৪২৮ (৭)

তারিখ : ১২-০৬-২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

- ১-৪। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট-০১, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)।
- ৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
- ৭। সংশ্লিষ্ট নথি।

  
(মোঃ সুলতান হোসেন)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক(বিএমটি)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ০২-৫৫০০৬৫৩৬